

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮০৯

আগরতলা, ২০ জুলাই, ২০২৪

ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসবের সমাপ্তি
খাৰ্চি উৎসব ত্ৰিপুরার সার্বজনীন উৎসব : কৃষিমন্ত্ৰী

খাৰ্চি উৎসব ত্ৰিপুরার সার্বজনীন উৎসব। প্রতি বছরই আষাঢ় মাসের শুক্লা অষ্টমী তিথিতে খাৰ্চি পূজার সূচনা হয়। এই পূজাকে কেন্দ্র করে চতুর্দশ দেবতা মন্দির হয়ে উঠে সম্প্রীতির তীর্থভূমি। আজ সন্ধ্যায় ঐতিহ্যবাহী খাৰ্চি উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্ৰী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্ৰী আরও বলেন, খাৰ্চি পূজাকে কেন্দ্র করে পুরাতন আগরতলার চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণ মিলন ক্ষেত্রে পরিণত হয়। খাৰ্চি উৎসব ও প্রদর্শনিকে কেন্দ্র করে গ্রামীণ শিল্প ও সংস্কৃতির বিকাশ ঘটে।

সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খাৰ্চি মেলা কমিটির চেয়ারম্যান বিধায়ক রতন চক্রবর্তী। এবারের খাৰ্চি উৎসব ও প্রদর্শনী সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। অনুষ্ঠানে খাৰ্চি উৎসব উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়।
